গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নম্বর-১৮.০০.০০০০.০৪০.১৪.০০৩.২০২৪-৭৬ | তারিখ: ০৭ কার্তিক ১৪৩২ / ২৩ অক্টোবর ২০২৫

বিষয়: **'Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS)-Bangladesh Phase 1:(BLPA Component)' প্রকল্পের আওতায় Grievance Redress Mechanism (GRM) বাস্তবায়নের জন্য Grievance Redress Committee (GRC) অনুমোদন।**

সূত্র: বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের স্মারক নং- ১৮.১৫.০০০০.০২৩.১৪.০৪৫.২৫-৪১১, তারিখ: ১৪/১০/২০২৫ খ্রি

বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'Accelerating Transport and Trade Connectivity in Eastern South Asia (ACCESS)- Bangladesh Phase 1: (BLPA Component)' প্রকল্পের Grievance Redress Mechanism (GRM) বাস্তবায়নের জন্য নিম্নরূপভাবে ১০টি Grievance Redress Committee (GRC) নির্দেশক্রমে অনুমোদন করা হলো।

**(১) প্রকল্প পর্যায়ের Grievance Redress Committee (GRC):**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| প্রকল্প পর্যায়ের GRC | প্রকল্প পরিচালক | আহবায়ক |
| | উপ প্রকল্প পরিচালক | সদস্য |
| | সহকারী প্রকল্প পরিচালক-৩ | সদস্য সচিব |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | এনভায়রনমেন্টাল স্পেশালিস্ট | সদস্য |

**কমিটির কর্মপরিধি (ToR):**

১। মাঠ পর্যায়ের অসন্তোষ নিরসন কমিটির যে কোন অমিমাংসিত অভিযোগ যথাযথভাবে প্রেরিত হলে তা বিবেচনায় নিয়ে পর্যালোচনা করা এবং সমাধান দেওয়া;
২। কোন অভিযোগ গৃহীত হলে তা গ্রহণের তারিখ থেকে সর্বোচ্চ একমাসের (৩০দিন) মধ্যে সমাধান নিশ্চিত করা;
৩। অভিযোগের ধরণ অনুযায়ী প্রয়োজনে মাঠ পর্যায়ে পুনঃতদন্ত করা এবং সময়সীমার মধ্যে সমাধানের ব্যবস্থা করা;
৪। সিদ্ধান্ত গ্রহণে সকল সদস্যের মতামতকে গুরুত্ব দেওয়া। কোন সিদ্ধান্ত গ্রহণে দ্বিমত সৃষ্টি হলে অধিক সদস্যের মতামতকে সিদ্ধান্ত হিসাবে গ্রহণ করা;
৫। সকল অভিযোগ নিরসনে গৃহীত সিদ্ধান্ত প্রকল্পের পুনর্বাসন নীতিমালা (Resettlement Policy framework (RPF) এবং বিশ্বব্যাংকের পরিবেশ ও সামাজিক সুরক্ষা নীতিমালা (Environmental & Social Framework (ESF) এর আলোকে গ্রহণ করা;
৬। আদালতে বিচারাধীন কোন বিষয় অভিযোগ হিসাবে বিবেচনায় না নেওয়া।

**(২) মাঠ পর্যায়ের Grievance Redress Committee (GRC):**

**(২.ক) ক্ষতিপূরণ, স্থানান্তর ও পুনর্বাসন সংক্রান্ত ৩টি Grievance Redress Committee (GRC):**

**২.ক.১- বুড়িমারী স্থলবন্দরঃ**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| **মাঠ পর্যায়ের ক্ষতিপূরণ, স্থানান্তর ও পুনর্বাসন সংক্রান্ত** GRC | সহকারী প্রকল্প পরিচালক-৩, একসেস প্রকল্প, বাস্তবক | আহবায়ক |
| | প্রতিনিধি, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট | সদস্য |
| | চেয়ারম্যান, বুড়িমারী ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট | সদস্য |
| | মহিলা সদস্য, বুড়িমারী ইউনিয়ন পরিষদ, পাটগ্রাম, লালমনিরহাট | সদস্য |
| | অভিযোগকারী/প্রতিনিধি | সদস্য |
| | বাস্তবায়নকারী NGO এর Area manager | সদস্য সচিব |

### ২.ক.২- বেনাপোল স্থলবন্দরঃ

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের ক্ষতিপূরণ, স্থানান্তর ও পুনর্বাসন সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-২, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | প্রতিনিধি, জেলা প্রশাসকের কার্যালয়, যশোর | সদস্য |
| | মেয়র, বেনাপোল পৌরসভা, যশোর | সদস্য |
| | মহিলা কাউন্সিলর, বেনাপোল পৌরসভা, যশোর | সদস্য |
| | অভিযোগকারী/প্রতিনিধি | সদস্য |
| | বাস্তবায়নকারী NGO এর Area manager | সদস্য সচিব |

### ২.ক.৩- ভোমরা স্থলবন্দরঃ

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের ক্ষতিপূরণ, স্থানান্তর ও পুনর্বাসন সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-১, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | প্রতিনিধি, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা | সদস্য |
| | চেয়ারম্যান, ভোমরা ইউনিয়ন পরিষদ, সাতক্ষীরা | সদস্য |
| | মহিলা সদস্য, ভোমরা ইউনিয়ন পরিষদ, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা | সদস্য |
| | অভিযোগকারী/প্রতিনিধি | আহবায়ক |
| | বাস্তবায়নকারী NGO এর Area manager | সদস্য |

**কমিটির কর্মপরিধি (ToR):**

১। কমিটি প্রকল্প কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবার/দলের কাছ থেকে প্রাপ্ত সামাজিক, পুনর্বাসন ও পরিবেশগত সমস্যা সম্পর্কিত অভিযোগ গ্রহণ , পর্যালোচনা ও সমাধান করবে;

২। যে কোন অভিযোগ গ্রহণ, নিরসন ও নিস্পত্তি প্রক্রিয়া প্রকল্পের অনুমোদিত GRM, RPF এবং বিশ্ব ব্যাংকের ESF এর আলোকে সম্পন্ন করবে;

৩। কমিটি সকল অভিযোগ তালিকাভুক্ত করে অগ্রাধিকার ভিত্তিক প্রথম শুনানিতেই নিস্পত্তি করবে। অধিকতর জটিল সমস্যা নিস্পত্তির জন্য পুনঃ তদন্ত প্রয়োজন হলে দ্বিতীয় শুনানির মাধ্যমে সর্বোচ্চ ১৫ (পনের) দিনের মধ্যে নিস্পত্তি করবে;

৪। সিদ্ধান্ত গ্রহণে সকল সদস্যের মতামত কে প্রাধান্য দেওয়া। কোন সিদ্ধান্ত গ্রহনে দ্বিমত সৃষ্টি হলে অধিক সদস্যের মতামতকে সিদ্ধান্ত হিসাবে গ্রহণ করা;

৫। কোন অসন্তোষ জনিত অভিযোগ অত্র কমিটি নিস্পত্তি করতে না পারলে উর্ধ্বতন কমিটি অর্থাৎ Project/PIU Level GRC/ প্রকল্প পর্যায়ে অভিযোগ নিরসন কমিটি”কে অবহিত করা;

৬। আদালতে বিচারাধীন কোন বিষয় অভিযোগ হিসাবে বিবেচনায় না নেওয়া;

## (২.খ) শ্রমিকের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত অভিযোগ নিরসন কমিটি

### ২.খ.১- বুড়িমারী স্থলবন্দরঃ

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের শ্রমিকের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-৩, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

### ২.খ.২- বেনাপোল স্থলবন্দরঃ

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের শ্রমিকের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-২, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

**২.খ.৩- ভোমরা স্থলবন্দরঃ**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের শ্রমিকের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-১, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি (ToR):**

১। কমিটি প্রকল্পের ঠিকাদার কর্তৃক নিয়োগকৃত শ্রমিকের জন্য প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত সুরক্ষা নীতিমালা যথাযথ প্রতিপালন নিশ্চিত করবে;

২। প্রকল্পের ঠিকাদার কর্তৃক শ্রমিক নিয়োগ , পারিশ্রমিক ও সবার জন্য সমান সুযোগ সুবিধা নিশ্চিত করবে;

৩। প্রকল্প শিশু শ্রমিক মুক্ত রাখা, নারী শ্রমিকের জন্য আলাদা আবাসস্থল ও সুরক্ষিত কর্ম পরিবেশ নিশ্চিত করা;

৪। শ্রমিকদের সকল প্রকার অভিযোগ ও অসন্তোষ নিরসন বিশ্ব ব্যাংকের পরিবেশ ও সামাজিক সুরক্ষা নীতিমালা এবং বাংলাদেশ সরকারের শ্রমিক আইনের অধিনে নিস্পত্তি করবে;

৫। কমিটি শ্রমিকদের যে কোন অভিযোগ প্রথম শুনানিতেই নিস্পত্তি করবে। অধিকতর জটিল সমস্যা নিস্পত্তির জন্য পুনঃ তদন্ত প্রয়োজন হলে দ্বিতীয় শুনানির মাধ্যমে সর্বোচ্চ ১৫(পনের) দিনের মধ্যে নিস্পত্তি করবে;

**(২.গ) যৌন সহিংসতা, যৌন নিপীড়ন ও যৌন হয়রানী সংক্রান্ত অভিযোগ নিরসন কমিটি**

**২.গ.১- বুড়িমারী স্থলবন্দরঃ**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের যৌন সহিংসতা, যৌন নিপীড়ন ও যৌন হয়রানী সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-৩, একসেস প্রকল্প, বাস্থবক | আহ্বায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

**২.গ.২- বেনাপোল স্থলবন্দরঃ**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের যৌন সহিংসতা, যৌন নিপীড়ন ও যৌন হয়রানী সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-২, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

**২.গ.৩- ভোমরা স্থলবন্দরঃ**

| | কমিটির সদস্য | অবস্থান |
|---|---|---|
| মাঠ পর্যায়ের যৌন সহিংসতা, যৌন নিপীড়ন ও যৌন হয়রানী সংক্রান্ত GRC | সহকারী প্রকল্প পরিচালক-১, একসেস প্রকল্প, বাস্থবক | আহবায়ক |
| | আবাসিক প্রকৌশলী, কন্সট্রাকশন সুপারভিশন কনসালটেন্ট | সদস্য |
| | সোস্যাল সেফগার্ড স্পেশালিস্ট | সদস্য |
| | ঠিকাদার প্রতিষ্ঠানের প্রকল্প ব্যবস্থাপক | সদস্য সচিব |

**কমিটির কর্মপরিধি (ToR):**

১। কমিটি যৌন নিপীড়ন ও যৌন হয়রানি সংক্রান্ত সকল অভিযোগ সর্বোচ্চ সতর্কতা ও গোপনীয়তা রক্ষা করে গ্রহণ, পর্যালোচনা ও নিস্পত্তি করবে;

২। কমিটি যৌন হয়রানির শিকার অভিযোগকারির অভিযোগ আমলে নিয়ে নথিভুক্ত করবে এবং যথাযথ কার্যকর ব্যবস্থা গ্রহণ বিষয়ে অভিযোগকারীকে আস্থাশিল করবে;

৩। কমিটি যৌন অপরাধ বিষয়ক অভিযোগ ৭ দিনের মধ্যে আমলে নেবার সিদ্ধান্ত নিয়ে তালিকাভুক্ত করবে। অনধিক ১০(দশ) দিনের মধ্যে সকল প্রমাণাদি সংগ্রহ করবে এবং ১৫(পনের) দিনের মধ্য নিস্পত্তির ব্যবস্থা করবে;

৪। কমিটি যৌন হয়রানির শিকার অভিযোগকারির অভিযোগ তখনই আমলে নেবে যখন উভয় পক্ষই প্রকল্পের সাথে সংযুক্ত থাকবে;

৫। কমিটি যৌন সহিংসতা ও যৌন হয়রানীমূলক সকল অভিযোগ নিস্পত্তির ক্ষেত্রে প্রকল্পের জন্য প্রণীত "Gender Action Plan (GAP)" এর নির্দেশিকা অনুসরন করবে;

২।	যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোছাঃ রেবেকা সুলতানা
উপসচিব (উন্নয়ন-৩)
ফোন: ৫৫১০০৪৭৮
ইমেইল: sas.dev3@mos.gov.bd

চেয়ারম্যান
বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ
এফ১৯/এ, শেরে বাংলা নগর
আগারগাঁও, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রকল্প পরিচালক, "একসিলারেটিং ট্রান্সপোর্ট এন্ড ট্রেড কানেক্টিভিটি ইন ইস্টার্ন সাউথ এশিয়া (একসেস)-বাংলাদেশ ফেজ ১ (বিএলপিএ কম্পোনেন্ট) প্রকল্প কোড নং-২২৪৩৯৭৩০০, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, এফ১৯/এ, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। যুগ্মসচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। অফিস কপি।